

রাবিতে শিক্ষার্থীদের ওপর হামলা

ছাত্র ইউনিয়ন ও ব্লগারদের
প্রতিবাদ, দ্রুত শাস্তির দাবি

নিজস্ব ও বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

মোশাহী বিশ্ববিদ্যালয়ে আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর হামলায় অভিযন্তাদের দ্রুত শাস্তির দাবি জানিয়েছে বাংলাদেশ ছাত্র ইউনিয়ন ও ব্লগার-অনলাইন অ্যাক্টিভিস্ট ফোরাম। গতকাল সোমবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মফুর ক্যাটিনে সংবাদ সম্মেলনে বাংলাদেশ ছাত্র ইউনিয়ন এবং বিকেলে শাহবাগে বিতোভ সংমাবেশ থেকে ব্লগার-অনলাইন অ্যাক্টিভিস্ট ফোরাম এ দাবি জানায়।

ছাত্র ইউনিয়নের সভাপতি এম এম রুভা বলেন, 'এই আন্দোলনকে একটি বিশেষ দিকে ঠিক করা হয়। এই ধরনের মোকাবেলার আমরা নিন্দা জানাই।' সংবাদ সম্মেলনে জানানো হয়, আগামী ১৫, ১৬ ও ১৭ ফেব্রুয়ারি সংগঠনের ৩৬তম জাতীয় সংসদ অনুষ্ঠিত হবে। সংসদের উদ্বোধক হিসেবে থাকবেন শিল্পী কাইয়ুম চৌধুরী।

এদিকে শাহবাগে ব্লগার-অনলাইন অ্যাক্টিভিস্ট ফোরামের সমাবেশে শিক্ষার্থীদের আন্দোলনের প্রতি পূর্ণ সহযোগিতা ও হামলার তীব্র নিন্দা জানিয়ে বক্তরা বলেন, এই আন্দোলন সম্পূর্ণভাবেই সাধারণ শিক্ষার্থীদের আন্দোলন। উদ্দেশ্যমূলকভাবে আন্দোলনের মূল উদ্দেশ্যকে সরিয়ে দিতে প্রশাসন এবং কমান্ডার্স দলের দ্বারা সংগঠন এক ধরনের মিথ্যা অপবাদ দিচ্ছে। ফোরামের সমন্বয়ক পারভেজ আলমের সভাপতিত্বে সমাবেশে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক আহমদুল হক বলেন, পাবলিক বিশ্ববিদ্যালয়ের অর্থায়নের দায়িত্ব রাষ্ট্রকেই নিতে হবে। সমাবেশ অন্যান্যের মধ্যে সহযোগিতা জানানি ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক তানজীমউদ্দীন খান, মোশাহীমা সুলতানা, উদীচীর আহম্মেদ অনোয়ার ওপন, ছাত্র ইউনিয়নের হাসান তারেক প্রমুখ। শেষে একটি মশাল মিছিল ক্যাম্পাসে প্রদর্শিত করে।